

মমকানীন চূড়া ৫

মোহাম্মদ আবদুর রায়ঘাক

এমন কভু হয়না, ‘নোবেল’ নামের গয়না
যে পায় সে জন বুঝতে পারে এ মান সবার সয় না।

ওহে ইউনুস কোন সে যুদ্ধ করলে তুমি জয়?
কোন সমরে শান্তি আনো? থামাও কোন প্রলয়?
কিছুই ভেবে পাই না, তোমার ভালো চাই না;
খবর আছে এবার তোমার, আমরা তোমার ভাই না!

এমন জ্বালা হয়না, ‘নোবেল’ সবার সয়না,
বিশ্ববাসী ঠিক বুঝেছে কি হলে কি হয় না।

ওহে ইউনুস, আমরা জানি তোমার চমৎকার
আটকে দিলো পদ্মা সেতুর ঝণ্টা সব ডোনার।
বলছি তো ঘৃষ খাই না, খণ পেতে চাই তাই না
তোমার কেন এমন আদর, আমরা পাত্তা পাই না?

ছাগলে চাষ হয়না, জানে সবাই - কয় না;
ইউনুসকে গাল দেওয়া মানে বিরাট কোন জয় না।

সিডনী, আগস্ট ১৪, ২০১২